যুগান্তর

তারিখ 20 DEC 2017
পৃষ্ঠা 2 কলাম 7

# শেকৃবিতে ভর্তি শুরু আজ

**শেকৃবি প্রতিনিধি**

রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকৃবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণীতে বিভিন্ন অনুষদে শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম শুরু হবে আজ। শেষ হবে কাল। আজ কৃষি অনুষদে ভর্তি। এনিম্যাল সায়েন্স, এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট এবং ফিসারিজ অনুষদে ভর্তি কাল। প্রার্থীদের অবশ্যই সকাল ৯টা হতে বিকাল ৫টার মধ্যে শেকৃবির সেমিনার কক্ষে সশরীরে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে। এ ব্যাপারে বিস্তারিত জানা যাবে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sau.edu.bd) হতে।